

সেটলমেন্ট সম্পন্ন করতে ১২৪ কোম্পানির শেয়ার কিনল ডিএসই

ইন্টারন্যাশনাল লিজিং সিকিউরিটিজ লিমিটেডের ব্যাক অফিস সফটওয়্যারের কারিগরি ত্রুটি ও গেটওয়ে ইকুইটি রিসোর্সেস লিমিটেডের শটসেলের কারণে গত সোমবার ১২৪ কোম্পানির শেয়ার বিক্রি হলেও ক্রেতারা তাদের শেয়ার বুঝে পাননি। এতে ১২৪ কোম্পানির শেয়ারের লেনদেন অনিষ্পন্ন থেকে যায়। তবে গতকাল ১২৪ কোম্পানির শেয়ার বাজার থেকে কিনে ক্রেতাকে বুঝিয়ে দেয়ার মাধ্যমে সেটলমেন্ট সমস্যার পূর্ণ সমাধান করেছে ঢাকা স্টক এক্সচেঞ্জ (ডিএসই) কর্তৃপক্ষ। লেনদেন নিষ্পত্তির জন্য গ্যারান্টির হিসেবে ডিএসই এ পদক্ষেপ নেয়। তথ্যানুসন্ধানে জানা যায়, গত সোমবার ডিএসইর ট্রেকহোল্ডার ইন্টারন্যাশনাল লিজিং সিকিউরিটিজ লিমিটেডের নিজস্ব ও ক্লায়েন্টের পোর্টফোলিও থেকে ১২৩ কোম্পানির শেয়ার বিক্রি করা হয়। লেনদেন শেষ হওয়ার ১ ঘণ্টার মধ্যে লেনদেন সম্পন্ন হওয়ার তথ্য সেন্ট্রাল ডিপোজিটরি বাংলাদেশ লিমিটেডের (সিডিবিএল) কাছে পাঠানোর কথা থাকলেও তা আসেনি। ইন্টারন্যাশনাল লিজিং সিকিউরিটিজের ব্যাক অফিস সফটওয়্যারের কারিগরি ত্রুটির কারণেই সিডিবিএলের সিস্টেমে শেয়ারগুলো পাঠানো সম্ভব হয়নি। এমনকি সফটওয়্যারের ভেঙের প্রতিষ্ঠানকে দিয়ে চেষ্টা করেও কারিগরি ত্রুটি ঠিক করা সম্ভব হয়নি। তবে পরবর্তীতে সোমবার রাত ১১টার পর কারিগরি ত্রুটি সারানো হলেও সে সময় আর সিডিবিএল কর্তৃপক্ষ সেটলমেন্ট শেষ করতে সম্মত হয়নি। এ কারণে সেদিন ইন্টারন্যাশনাল লিজিংয়ের বিক্রি করা ১২৩ কোম্পানির শেয়ারের সেটলমেন্ট অনিষ্পন্ন অবস্থায় থেকে যায়। <http://bonikbarta.net>

দরপতনের শীর্ষে স্ট্যান্ডার্ড সিরামিক

ঢাকা স্টক এক্সচেঞ্জ (ডিএসই) গতকাল স্ট্যান্ডার্ড সিরামিক ইন্ডাস্ট্রিজ লিমিটেডের শেয়ারদর কমেছে ৯ দশমিক ৭৯ শতাংশ। এতে কোম্পানিটি চলে আসে দরপতনের শীর্ষে। বাজার পর্যবেক্ষণে দেখা গেছে, গত মাসের শেষ ১০ কার্যদিবসে ডিএসইতে স্ট্যান্ডার্ড সিরামিক শেয়ারের দর ১১৫ থেকে ১৮০ টাকার ঘরে উঠে যায়। মাঝে গত ২১ জুন ডিএসইর চিঠির পরিপ্রেক্ষিতে কোম্পানিটি জানায়, তাদের শেয়ারের অস্বাভাবিক দরবৃদ্ধির পেছনে অপ্রকাশিত কোনো মূল্য সংবেদনশীল তথ্য নেই। তার পরও দরবৃদ্ধির ধারা অব্যাহত ছিল। চলতি সপ্তাহে এসে দর সংশোধন শুরু হয়। টানা দুদিন কমে গতকাল শেয়ারটির সমাপনী দর ১৫১ টাকা ২০ পয়সায় নেমে আসে। ডিএসইতে গতকাল কোম্পানিটির শেয়ারের সর্বশেষ দর ১৩ টাকা ৭০ পয়সা কমে দাঁড়ায় ১৫৩ টাকা ৯০ পয়সা। <http://bonikbarta.net>

দুই যুগ পর ফের চালু হচ্ছে রাষ্ট্রায়ত্ত্ব টাকা স্টিল

দীর্ঘ ২৪ বছর বন্ধ থাকার পর আবারো চালু হতে যাচ্ছে দেশের একমাত্র রাষ্ট্রায়ত্ত্ব ইস্পাত উৎপাদনকারী প্রতিষ্ঠান ঢাকা স্টিল ওয়ার্কস লিমিটেড। আগামীকাল গাজীপুরের টঙ্গীতে অবস্থিত কারখানাটি শিল্পমন্ত্রী আমির হোসেন আমুর উদ্বোধন করার কথা রয়েছে। প্রাথমিকভাবে বছরে নয় হাজার টন রড উৎপাদনের লক্ষ্য নিয়ে উৎপাদন কার্যক্রম শুরু হলেও ভবিষ্যতে এ সক্ষমতা দেড় লাখ টনে উন্নীত করার লক্ষ্য রয়েছে বাংলাদেশ ইস্পাত ও প্রকৌশল করপোরেশন (বিএসইসি) নিয়ন্ত্রণাধীন কোম্পানিটির। <http://bonikbarta.net>

৩০ হাজার কোটি ডলারের মার্কিন পণ্যে শুদ্ধারোপের হুমকি ইউর

যুক্তরাষ্ট্র আমদানিকৃত গাড়িতে শুদ্ধারোপের সিদ্ধান্ত কার্যকর করলে ৩০ হাজার কোটি ডলারের মার্কিন পণ্যে পাল্টা শুদ্ধারোপের হুমকি দিয়েছে ইউরোপীয় ইউনিয়ন (ইইউ)। এ হুমকি প্রকাশের কয়েক ঘণ্টার মধ্যেই বিশ্ব বাণিজ্য সংস্থাকে (ডব্লিউটিও) যুক্তরাষ্ট্র সতর্ক করে বলেছে, ন্যায় আচরণ না পেলে ‘আমরা কিছু করে ফেলব।’ খবর সিএনএন মানি, রয়টার্স ও এএফপি। গাড়ি ও গাড়ির যন্ত্রাংশ আমদানি জাতীয় নিরাপত্তার ক্ষেত্রে কোনো হুমকি সৃষ্টি করছে কিনা, তা নিয়ে তদন্ত করছে যুক্তরাষ্ট্র। এক্ষেত্রে গাড়ি আমদানিতে শুদ্ধারোপের সিদ্ধান্ত নিয়েছে দেশটি। এ ধরনের পদক্ষেপে যুক্তরাষ্ট্রের নিজস্ব গাড়ি শিল্পই ক্ষতিগ্রস্ত হবে এবং অন্যদের প্রতিশোধমূলক পদক্ষেপ গ্রহণে উৎসাহিত করবে বলে সতর্ক করে দিয়েছে ইউইউ। চলমান তদন্ত নিয়ে সতর্ক করে ট্রাম্প প্রশাসনের কাছে লিখিত প্রতিক্রিয়াও জানিয়েছে এ জোটা গত শুক্রবার যুক্তরাষ্ট্রের বাণিজ্য মন্ত্রণালয়ের কাছে তারা এ লিখিত মন্তব্য পাঠায় এবং সোমবার তা প্রকাশিত হয়েছে। <http://bonikbarta.net>

তেলের মূল্যবৃদ্ধিতে জিসিসি দেশগুলোর ঋণগ্রহণ চার বছরের সর্বনিম্নে

চলতি বছরের প্রথমার্ধে ঋণ বাজারে উপসাগরীয় আরব দেশগুলোর উপস্থিতি অনেক কম ছিল। মূলত তেলের উর্ধ্বমুখী দামের সুবাদে হাতে নগদ অর্থ আসায় চলমান উৎপাদন কার্যক্রম এবং নতুন প্রকল্পে অর্থায়নের প্রয়োজন মেটাতে পারছে বিভিন্ন জ্বালানি কোম্পানি। ফলে তাদের ঋণগ্রহণের প্রয়োজনীয়তা কমে এসেছে। তেলের দাম কম থাকার কারণে বিগত কয়েক বছর বিপুল পরিমাণ ঋণ গ্রহণ করতে হয়েছে উপসাগরীয় দেশগুলোকে। খবর অ্যারাবিয়ান বিজনেস। <http://bonikbarta.net>

তুলার আমদানিনির্ভরতা বাড়ছে ভিয়েতনামের

পোশাক শিল্পে দ্রুত উন্নতি করছে ভিয়েতনাম। তুলনামূলক সস্তা শ্রমের কারণে উৎপাদন খরচ কম হওয়ায় ইউরোপ-আমেরিকার নামি ব্র্যান্ডগুলো ভিয়েতনামের কারখানাগুলো থেকে পোশাক কিনতে আগ্রহী হয়ে উঠেছে। এর জের ধরে দেশটিতে তুলার চাহিদা দ্রুত বাড়তে শুরু করেছে। ক্রমবর্ধমান অভ্যন্তরীণ চাহিদার বিপরীতে ভিয়েতনামে তুলা উৎপাদন বাড়েনি। এ কারণে পোশাক শিল্পের অগ্রযাত্রা অব্যাহত রাখার জন্য দেশটি আমদানির মাধ্যমে তুলার অভ্যন্তরীণ চাহিদা সামাল দিচ্ছে। যত দিন যাচ্ছে, দেশটিতে পণ্যটির আমদানি ততই বাড়ছে। খবর সিনহুয়া ও এগ্রিমানি। মার্কিন কৃষি বিভাগের (ইউএসডিএ) ফরেন এগ্রিকালচারাল সার্ভিসের (এফএএস) প্রতিবেদনের তথ্য অনুযায়ী, তুলা ব্যবহারকারী দেশগুলোর তালিকায় ভিয়েতনামের অবস্থান বিশ্বে ষষ্ঠা সর্বশেষ ২০০২ সালে ভিয়েতনামে তুলার অভ্যন্তরীণ ব্যবহারে মন্দাভাব দেখা গিয়েছিল। ওই সময় দেশটিতে পণ্যটির অভ্যন্তরীণ ব্যবহার আগের বছরের তুলনায় ২ দশমিক ১৭ শতাংশ কমে দাঁড়ায় ৪ লাখ ৫০ হাজার বেলে (প্রতি বেলে ৪৮০ পাউন্ড)। <http://bonikbarta.net>